

**মাধ্যমিকেও স্টুডেন্টস
কাউন্সিল নির্বাচন
করবে মাউশি**

■ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিকের পর, মাধ্যমিক পর্যায়ে
স্কুলগুলোতে ছাত্র পরিষদ (স্টুডেন্টস
কাউন্সিল) নির্বাচন অনুষ্ঠানের আয়োজন
করবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
(মাউশি)। প্রাথমিক বিদ্যালয়ের স্কুল
কাউন্সিল নির্বাচনের আন্দোলন
নির্বাচন করার চিন্তা-ভাবনা করছে
অধিদপ্তর। তবে নির্বাচনের দিনকাল
এখনো ঠিক হয়নি।

মাউশির মহাপরিচালক নোমান
উর বলেন, মাধ্যমিক পর্যায়ে এ
ধরনের নির্বাচন আয়োজন করা হবে।
তবে প্রথমে সারা দেশের প্রতিটি
উপজেলার একটি করে শিক্ষা প্রতিষ্ঠানে
পাইলটিং করা হবে। পরে প্রতিটি শিক্ষা
প্রতিষ্ঠানে এ নির্বাচনের আয়োজন করা
হবে।

স্কুল থেকে শিক্ষার্থীদের চর্চা ও
গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি প্রজ্ঞাপন
হওয়া, অন্যের মতামতের প্রতি
সহিষ্ণুতা এবং শ্রদ্ধা প্রদর্শন, বিদ্যালয়ের
শিখন শিখানো কার্যক্রমে
শিক্ষকমণ্ডলীকে সহায়তা করে পড়া
শিক্ষার মাধ্যমে অভিভাবকদের
সম্পৃক্ত করা, বিদ্যালয়ের পরিবেশ
উন্নয়ন কর্মকাণ্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণ
নিশ্চিতসহ বিভিন্ন উদ্দেশ্যে এ নির্বাচন
করা হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরও
একই উদ্দেশ্যে এবং লক্ষ্য নিয়ে এ
নির্বাচনের আয়োজন করে।